


দারা পুত্র সপরিবার, মিছে ভোজ বাজীর খেলা ।
মন তোর তলব হলে সকল ফেলে, যাবার দিন
যাবি একেলা ॥

২। কার জোরেতে এত জুরি, সদায় কর রাবুগিরি,
প্রবঞ্চনা জুয়াচুরি, সদা কর তাই ভাব না ।
তোর সাল তামাদি নিকাশ আদি, কাটলি না তার,
চেক দাখিলা ॥

৩। গোঁসাই জগবন্ধু বলে, শুন লক্ষ্মণ কই তোমারে,
সৎ মানুষের আশ্রয় নিয়ে, হয় যেন তোর তরী খোলা ।
এবার হরি বলে নাম্গে জলে পার হ'তে পাবি না জ্বালা ॥
---লক্ষ্মণ বিশ্বাস



৬৯ নং

তাল--একতালা

কি করিতে কি কর মন কিছু না জানি ।
সময় থাকতে সাধন করিলি না সেরে নিবি কেমনে
দেহ তরণী ॥

১। কি বলে মন এলি ভবে, হরি বলা আর বলবি কবে,
এই ভাবে দিন বৃথা যাবে, নিজের ভাবনা মন তুই
কিছুই ভাবিনি ॥

২। সময় থাকতে বল হরিবল, এই হরি নাম পথের সম্বল
অস্তিমকালে পারেরই বল, নামামৃত গুরুর চরণ তরণী ॥